গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৭ - জুন ৩০, ২০১৮



মুদ্রণ তারিখ: রবিবার , জুলাই ০২, ২০১৭

## সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৭

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৮

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ২৫

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ**

জনগণের স্বাস্থ্য সেবার মানোন্নয়নে বিগত ৩ বৎসরে স্বাস্থ্য খাতে ব্যাপক উন্নতি এবং উল্লেখযোগ্য সাফল্য অর্জিত হয়েছে। শিশু মৃত্যু হার হ্রাস পেয়ে ২০১৬ সালে প্রতি হাজারে ২৭ এ দাঁড়িয়েছে, যা ২০১৪ সালে ছিল ৪১ । সম্প্রসারিত টিকাদান কর্মসূচির কভারেজ ৮৮% এ উন্নীত হয়েছে, যা ২০১০ সালে ছিল ৮৬ %। মাতৃ মৃত্যু হ্রাস পেয়ে বর্তমানে প্রতি লক্ষ জীবিত জন্মে ১৭৬-এ দাঁড়িয়েছে, যা ২০১৪ সালে ছিল ১৯৪। ম্যালেরিয়া, যক্ষা এবং এইচআইভি সংক্রমণ নিয়ন্ত্রণে রাখা সম্ভব রয়েছে। গ্রামীণ জনগণের স্বাস্থ্য সেবা নিশ্চিতকল্পে প্রায় ১৩,১২৬টি কমিউনিটি ক্লিনিক উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে। মানসম্পন্ন স্বাস্থ্যসেবা প্রদানের জন্য প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ, আধুনিক যন্ত্রপাতি, সরঞ্জাম ও উপকরণ প্রদান, বিনামূল্যে ঔষধ ও পরিবার পরিকল্পনা সামগ্রীর নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিত করা হয়েছে। চিকিৎসকসহ অন্যান্য জনবল নিয়োগ ও পদায়িত করা হয়েছে। স্বাস্থ্যসেবাকে জনকল্যাণমুখী করার লক্ষ্যে নতুন আইন, বিধি , নীতিমালা প্রণয়ন এবং বিদ্যমান আইনের সংস্কার করা হয়েছে ।

সহস্রাব্দ লক্ষ্যমাত্রা অর্জনের জন্য শিশু মৃত্যুহার কাঙ্খিত হারে কমিয়ে আনতে সক্ষম হওয়ায় জাতিসংঘ কর্তৃক বাংলাদেশকে পুরস্কৃত করা হয়েছে। স্বাস্থ্য ব্যবস্থাপনায় সরকারি পর্যায়ে তথ্য প্রযুক্তির সফল প্রয়োগের স্বীকৃতি স্বরূপ "ডিজিটাল হেল্থ ফর ডিজিটাল ডেভেলপমেন্ট" শীর্ষক সাউথ-সাউথ অ্যাওয়ার্ড প্রদান করা হয়েছে। এ অর্জনে মাঠ পর্যায়ে কাজের ব্যাপক অবদান রয়েছে ।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের কর্মপরিধি ব্যাপক ও বহুমাত্রিক। সীমিত সম্পদ, দক্ষ মানব সম্পদের স্বল্পতা ও ব্যবস্থাপনাগত দুর্বলতার কারণে কাঙ্খিত, মানসম্মত ও সমতাভিত্তিক স্বাস্থ্য সেবা প্রদান করা দুরুহ হয়ে পড়েছে। স্বাস্থ্যকর্মীদের পেশাগত উৎকর্ষ, উৎসাহ, উদ্দীপনার অভাব গুণগত স্বাস্থ্য সেবা প্রদানের অন্যতম চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

স্বাস্থ্য সেবা বিভাগের বহুবিধ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সাংগঠনিক কাঠামোর পুনর্বিন্যাসের মাধ্যমে স্বাস্থ্যসেবা ব্যবস্থাপনায় স্থানীয় জনগণকে সম্পৃক্ত করার পরিকল্পনা করা হয়েছে। প্রাথমিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করার লক্ষ্যে পর্যায়ক্রমে সর্বমোট ১৩৬৮১ টি কমিউনিটি ক্লিনিক নির্মাণ ও ৪২৫ টি ৩১ শয্যা বিশিষ্ট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সকে ৫০ শয্যায় উন্নীত করা হবে। গ্রামীণ জনগণের স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণে মানব সম্পদ উন্নয়নে অধিক গুরুত্ব প্রদান করা হবে। জনগণের পুষ্টিমান উন্নয়নে ভিটামিন-এ পরিপূরক গ্রহীতার হার ১০০ ভাগে উন্নীত করা হবে।

### ২০১৭-১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- কেন্দ্রীয় মানবসম্পদ ইনফরমেশন সিস্টেম (Central Human Resource Information System ) বাস্তবায়ন
- ইপিআই কভারেজ হার (এমআর) ৮৮% এ উন্নতকরণ
- যক্ষা সনাক্তকরণ হার উন্নতকরণ
- মনিটরিং রিপোর্ট বাস্তবায়ন করা

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৭ সালের জুলাই মাসের ০৬ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision)**

সকলের জন্য সাশ্রয়ী ও মানসম্মত চিকিৎসা সেবা।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি খাতের উন্নয়নের মাধ্যমে সবার জন্য সাশ্রয়ী গুণগত স্বাস্থ্যসেবা নিশ্চিত করা।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. সার্বজনীন স্বাস্থ্য সেবার সুযোগ সম্প্রসারণ
২. সংক্রামক ও অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ জোরদারকরণ
৩. স্বাস্থ্য সেবার মানোন্নয়ন
৪. মা ও শিশু স্বাস্থ্যসেবা জোরদারকরণ
৫. ঔষধ খাতের উন্নয়ন

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন
২. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন
৪. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা

**১.৪ কার্যাবলি (Functions)**

১. স্বাস্থ্য সেবা সংক্রান্ত যুগোপযোগী আইন, বিধি ও নীতিমালা প্রণয়ন এবং বাস্তবায়ন;
২. স্বাস্থ্য ও চিকিৎসা সুবিধাসহ জনস্বাস্থ্য উন্নয়ন এবং বিভিন্ন সংক্রামক ও অসংক্রামক ব্যাধি প্রতিরোধ ও প্রতিকার;
৩. স্বাস্থ্য ও পুষ্টি সংক্রান্ত সেবা প্রদান এবং জনগণের প্রত্যাশিত সেবার পরিধি সম্প্রসারণ;
৪. মানসম্পন্ন ঔষধ উৎপাদন ও বিতরণ এবং আমদানি ও রপ্তানিযোগ্য ঔষধের মান নিয়ন্ত্রণ;
৫. জনসংখ্যা নিয়ন্ত্রণ, চিকিৎসা শিক্ষা, নার্সিং শিক্ষা, জাতীয় জনসংখ্যা ও স্বাস্থ্য বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ সংক্রান্ত কার্যাবলী;
৬. স্বাস্থ্য সেবা সংক্রান্ত স্থাপনা, সেবা ইনস্টিটিউট ও হাসপাতাল নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ ও সম্প্রসারণ;
৭. শিশু ও মাতৃ স্বাস্থ্য সেবা, সম্প্রসারিত টিকাদান কর্মসূচি, বিকল্প চিকৎসা পদ্ধতি এবং পুষ্টি উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন;
৮. স্বাস্থ্য সম্পর্কিত সকল স্থানীয় ও আন্তর্জাতিক সংস্থার সাথে সংযোগ স্থাপন সংক্রান্ত যাবতীয় বিষয়াদি।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৮-২০১৯ | ২০১৯-২০২০ | | |
| গড় আয়ু বৃদ্ধি | প্রত্যাশিত আয়ুষ্কাল | বছর | ৭১.৮ | ৭১.৯ | ৭২ | ৭২.১ | ৭২.২ | স্থানীয় সরকার বিভাগ | এসভিআরএস |
| শিশু মৃত্যু হ্রাস | শিশু মৃত্যু হার | প্রতি হাজারে | ২৮ | ২৭ | ২৪ | ২২ | ২০ | স্থানীয় সরকার বিভাগ | বিডিএইচএস ইউনিসেফ |
| | ৫ বছর কম বয়সী শিশু মৃত্যু হার | প্রতি হাজারে | ৩৬.০ | ৩৫.৫ | ৩৫.০ | ৩৪.৫ | ৩৪.০ | স্থানীয় সরকার বিভাগ | বিডিএইচএস (৪৬) ইউনিসেফ |
| মাতৃ মৃত্যু হ্রাস | মাতৃ মৃত্যু অনুপাত | প্রতি লক্ষে | ১৭৬ | ১৭৬ | ১৬০ | ১৪৫ | ১৩৮ | স্থানীয় সরকার বিভাগ | বিএমএমএস বিশ্ব ব্যাংক, ২০১৫ |
| মোট প্রজনন হার (TFR) হ্রাস | মোট প্রজনন হার (TFR) | প্রতি মহিলায় | ২.২৭ | ২.২৫ | ২.২৩ | ২.১০ | ২.০ | স্থানীয় সরকার বিভাগ | বিডিএইচএস |
| শিশুর অপুষ্টি হ্রাস | বয়স অনুযায়ী খর্ব শিশু (৬-৫৯ মাস বয়সী | % | ৩৪.০ | ৩৪.০ | ৩২.০ | ৩০.০ | ২৭.০ | স্থানীয় সরকার বিভাগ | বিডিএইচএস® |
| টিকাদান কভারেজ বৃদ্ধি | টিকাদান কভারেজ হার (এমআর) | % | ৮৮ | ৮৮ | ৮৭.৭ | ৮৮ | ৮৮.৩০ | স্থানীয় সরকার বিভাগ | ইপিআই কভারেজ সার্ভে ২০১৪,অফিস নথি |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [১] সার্বজনীন স্বাস্থ্য সেবার সুযোগ সম্প্রসারণ | ২০ | [১.১] মানব সম্পদের সুষম বিন্যাস নিশ্চিত করা | [১.১.১] রোগী ও নার্সের অনুপাত (সাধারণ) | প্রতি ১০ হাজার রোগী | ২.০০ | | ১০০০ | ১৫০০ | ১৩০০ | ১২০০ | | ১০০০ | ১৬০০ | ১৭০০ |
| | | [১.২] অবকাঠামো সম্প্রসারণ, যন্ত্রপাতি সরবরাহ ও মেরামত | [১.২.১] নতুন এ্যাম্বুলেন্স সরবরাহকৃত উপজেলা হাসপাতালসমূহ | সংখ্যা (ক্রমপুঞ্জিভূত) | ৩.০০ | ০ | ৫০ | ৫০ | ৪০ | ৩৮ | ৩৭ | ৩৫ | ৫০ | ৫০ |
| | | | [১.২.২] নির্মিত কমিউনিটি ক্লিনিক | সংখ্যা (ক্রমপুঞ্জিভূত) | ২.০০ | ১৩৩৪২ | ১৩৫৭০ | ১৩৬৩০ | ১৩৬২৫ | ১৩৬২০ | ১৩৬১০ | ১৩৬০০ | ১৩৬৮০ | ১৩৭৮০ |
| | | | [১.২.৩] নির্মিত ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র | সংখ্যা (ক্রমপুঞ্জিভূত) | ২.০০ | ৩৮৯৮ | ৩৯০৮ | ৩৯১৮ | ৩৯১৬ | ৩৯১৪ | ৩৯১২ | ৩৯১০ | ৩৯৩০ | ৩৯৫০ |
| | | | [১.২.৪] ৩১ হতে ৫০ শয্যায় উন্নীত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স | সংখ্যা (ক্রমপুঞ্জিভূত) | ২.০০ | ৩২৩ | ৩৪০ | ৩৪৬ | ৩৪৫ | ৩৪৪ | ৩৪৩ | ৩৪২ | ৩৬০ | ৩৯০ |
| | | | [১.২.৫] যন্ত্রপাতি সরবরাহকৃত উপজেলা হাসপাতাল | সংখ্যা (ক্রমপুঞ্জিভূত) | ২.০০ | ২৮৬ | ৩৭৬ | ৪০০ | ৩৮০ | ৩৬০ | ৩৪০ | ৩০০ | ৪২০ | ৪৪০ |
| | | [১.৩] ইএসপি সেবা বৃদ্ধি নিশ্চিত করা | [১.৩.১] শিশুদের (৬-৫৯ মাস) ভিটামিন - এ প্রদানের হার | % | ৩.০০ | ৯৮.৬ | ৯৯ | ৯৯ | ৯৯ | | | | ১০০ | ১০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| | | [১.৩] ইএসপি সেবা বৃদ্ধি নিশ্চিত করা | [১.৩.২] কৃমিনাশক বড়ি গ্রহণকারী স্কুলগামী শিশু (৫-১২ বছর) | % | ২.০০ | ৯৯ | ৯৯ | ৯৯ | | | | | ৯৯ | ৯৯ |
| | | | [১.৩.৩] আয়রন-ফলেট ট্যাবলেট গ্রহণকারী গর্ভবতী মা | % | ২.০০ | | ৬০ | ৬৫ | ৬৩ | ৬৩ | ৬২ | ৬০ | ৭০ | ৭৩ |
| [২] স্বাস্থ্য সেবার মানোন্নয়ন | ১৬ | [২.১] সেবার পরিধি বৃদ্ধি করা | [২.১.১] স্বাভাবিক প্রসব সেবা সমৃদ্ধ কমউনিটি ক্লিনিক | সংখ্যা (ক্রমপুঞ্জিভূত) | ২.০০ | | ১১০০ | ১২০০ | ১১৬০ | ১১৪০ | ১১২০ | ১১০০ | ১৩০০ | ১৩০০ |
| | | | [২.১.২] কমিউনিটি ক্লিনিকে স্বাভাবিক প্রসব | সংখ্যা | ২.০০ | | ৪১০০০ | ৪২০০০ | ৪১৮০০ | ৪১৬০০ | ৪১৪০০ | ৪১২০০ | ৪৩০০০ | ৪৪০০০ |
| | | | [২.১.৩] ডিএসএফ কর্মসূচীর অর্থ প্রদানকৃত ই-পোষ্ট সেন্টার | সংখ্যা (ক্রমপুঞ্জিভূত) | ২.০০ | ০ | ০ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১৫ | ২৫ |
| | | [২.২] কিট বক্স (মেডিসিন) সরবরাহ | [২.২.১] সরবরাহকৃত প্যাকেজ ( মেডিসিন) | সংখ্যা | ১.০০ | ৯০০০০ | ৯০০০০ | ৯১০০০ | ৯০৬০০ | ৯০৪০০ | ৯০২০০ | ৯০০০০ | ৯১৫০০ | ৯২০০০ |
| | | | [২.২.২] হাসপাতালে স্ক্যানু (scanu) সেবা বৃদ্ধি | সংখ্যা | ১.০০ | ৫০ | ৫০ | ৬০ | ৫৮ | ৫৭ | ৫৫ | ৫০ | ৭৫ | ৮০ |
| | | | [২.২.৩] কোয়ালিটি অব কেয়ার- টিকিউএম কার্যক্রম বাস্তবায়নকারী স্বাস্থ্য প্রতিষ্ঠান | সংখ্যা (ক্রমপুঞ্জিভূত) | ১.০০ | | ১০৩ | ১১৫ | ১১২ | ১১০ | ১০৭ | ১০৫ | ১৩৯ | ১৬৩ |
| | | [২.৩] স্বাস্থ্য শিক্ষা | [২.৩.১] স্বাস্থ্য বিষয়ে প্রশিক্ষিত প্রাথমিক স্কুলের শিক্ষক | সংখ্যা | ১.০০ | ১০২০ | | ২৫০০ | ২৩০০ | ২০০০ | ১৯৫০ | ১৯০০ | ২৫০০ | ২৬০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [২.৩] স্বাস্থ্য শিক্ষা | [২.৩.২] স্বাস্থ্য বিষয়ে প্রশিক্ষিত মাধ্যমিক স্কুলের শিক্ষক | সংখ্যা | ১.০০ | ৯৫৯ | | ২০০০ | ১৯০০ | ১৮৫০ | ১৮০০ | ১৭৫০ | ২০০০ | ২৩০০ |
| | | | [২.৩.৩] প্রজনন স্বাস্থ্য শিক্ষাগ্রহনকারী কিশোর-কিশোরী | সংখ্যা | ১.০০ | ৩৬০ | | ২০০০ | ১৯০০ | ১৮৫০ | ১৮০০ | ১৭৫০ | ২০০০ | ২২০০ |
| | | | [২.৩.৪] এনসিডি ম্যানেজম্যান্ট মডেল বাস্তবায়নকারী হাসপাতাল | সংখ্যা (ক্রমপুঞ্জিভূত) | ১.০০ | | | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ২০ | ৩০ |
| | | | [২.৩.৫] সড়ক দূর্ঘটনা আহত, ডুবন্ত শিশুদের জন্য প্রাথমিক চিকিৎসা বিষয়ক জনসচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম বাস্তবায়নকারী হাসপাতাল | সংখ্যা (ক্রমপুঞ্জিভূত) | ১.০০ | | | ৪০ | ৩৫ | ৩৩ | ৩২ | ৩০ | ৮০ | ১২০ |
| | | [২.৪] গবেষণা সম্পাদন | [২.৪.১] dgnm কর্তৃক ষান্মাসিক নার্সিং নিউজ লেটার প্রকাশ | সংখ্যা | ০.৫০ | | | ৪ | ৩ | ২ | ১ | | ৫ | ৫ |
| | | [২.৫] পরিবীক্ষণ ও মূল্যায়ণ | [২.৫.১] পরিদর্শন (হাসপাতাল) রির্পোট বাস্তবায়ন | % | ১.০০ | | | ৮০ | ৭৫ | ৭২ | ৭০ | ৬৮ | ৮৩ | ৮৫ |
| | | | [২.৫.২] হাসপাতাল পরিদর্শন | সংখ্যা | ০.৫০ | | ৪৫ | ৪৮ | ৪৭ | ৪৬ | ৪৫ | | ৫০ | ৫৫ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] সংক্রামক ও অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ জোরদারকরণ | ১৬ | [৩.১] যক্ষ্মা নিয়ন্ত্রণ | [৩.১.১] সনাক্তকৃত যক্ষ্মা রোগী (সকল কেস) | সংখ্যা (লক্ষ) | ২.০০ | ২.১৪ | ২.১৮ | ২.২৮ | ২.২৬ | ২.২৪ | ২.২০ | ২.১৮ | ২.৪৫ | ২.৫৫ |
| | | | [৩.১.২] যক্ষ্মা রোগী নিরাময়ের হার | % | ২.০০ | | ৯৪ | ৯০ | | | | | ৯০ | ৯০ |
| | | [৩.২] এইচআইভি ও এইডস প্রতিরোধ এবং নিয়ন্ত্রণ জোরদারকরণ | [৩.২.১] সমন্বিত সেবা ও সহযোগিতা গ্রহণকারী এইচআইভি রোগী | সংখ্যা (হাজার) | ২.০০ | ৬৭.৮৬ | ৮৪.২০ | ১২০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ১৫০ | ১৮০ |
| | | [৩.৩] ম্যালেরিয়ার প্রকোপ হ্রাস | [৩.৩.১] ম্যালেরিয়া রোগের প্রার্দুভাব | সংখ্যা (লক্ষ) | ২.০০ | ২.৯ | ১.৬ | ১.৫০ | ১.৫৩ | ১.৫৫ | ১.৫৭ | ১.৫৮ | ১.৫০ | ১.৫০ |
| | | | [৩.৩.২] ম্যালেরিয়া রোগে মৃত্যু | | ২.০০ | ৯ | ১৭ | ৯ | ১০ | | | | ৮ | ৭ |
| | | [৩.৪] ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপ রোগ হ্রাসকরণ | [৩.৪.১] পূর্ণবয়স্ক ব্যক্তিদের মধ্যে ডায়াবেটিস রোগের প্রার্দূভাব | % | ৩.০০ | | | ৭.৯ | | | | | ৮ | ৮.১ |
| | | [৩.৫] স্ক্রীনিং এবং রোগ নির্ণয়ের সুবিধা বৃদ্ধি | [৩.৫.১] জরায়ু-মুখের ক্যান্সার স্ক্রীনিংকৃত রোগী | সংখ্যা (হাজার) | ৩.০০ | ২২৫ | ২৩০ | ২৫০ | ২৪৮ | ২৪৫ | ২৪৩ | ২৪০ | ২৬০ | ২৮০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৪] মা ও শিশু স্বাস্থ্যসেবা জোরদারকরণ | ১৫ | [৪.১] প্রসব সুবিধা সম্প্রসারণ | [৪.১.১] দক্ষ ধাত্রী (এসবিএ) দ্বারা প্রসব | সংখ্যা | ২.০০ | ৪৩ | ৪৩ | ৪৫ | ৪৪ | ৪৩ | | | ৪৮ | ৫০ |
| | | | [৪.১.২] প্রসবপূর্ব (ন্যূনতম ৪ বার) সেবা | % | ২.০০ | | | ৩৫ | ৩৪ | ৩৩ | ৩২ | ৩১ | ৩৬ | ৩৮ |
| | | | [৪.১.৩] প্রসবোত্তর সেবা (ন্যূনতম ৩ বার) সেবা | % | ২.০০ | | | ৪০ | ৩৯ | ৩৮ | ৩৭ | ৩৬.৫ | ৪১ | ৪৩ |
| | | | [৪.১.৪] ম্যাটারনাল ও নিওনেটাল ডেথ রিভিউ বাস্তবায়নকারী জেলা হাসপাতাল | সংখ্যা | ২.০০ | ১৪ | | ২৪ | ২০ | ১৮ | ১৭ | ১৫ | ৩০ | ৪০ |
| | | | [৪.১.৫] ম্যাটারনাল ভাউচার স্কীম বাস্তবায়নকারী উপজেলা | সংখ্যা (ক্রমপুঞ্জিভূত) | ১.০০ | ৫৩ | | ৬৩ | ৬০ | ৫৮ | ৫৬ | ৫৪ | ৭০ | ৭৫ |
| | | | [৪.১.৬] এসবিএ/সিএসবিএ বিষয়ে প্রশিক্ষিত স্বাস্থ্যকর্মী | সংখ্যা | ১.০০ | ১১৪৫৫ | | ১১৬৫৫ | ১১৫৫০ | ১১৫০০ | ১১৪৮০ | ১১৪৬০ | ১১৭৫০ | ১১৮৫০ |
| | | [৪.২] শিশু স্বাস্থ্য সেবা সম্প্রসারণ | [৪.২.১] ইপিআই কভারেজ (এমআর) | % | ১.০০ | ৮৭.৪০ | ৮৭.৪০ | ৮৭.৭০ | ৮৭.৬৫ | ৮৭.৬০ | ৮৭.৫০ | ৮৭.৪০ | ৮৮ | ৮৮.৩০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [৪.২] শিশু স্বাস্থ্য সেবা সম্প্রসারণ | [৪.২.২] জন্মের ১২ মাসের মধ্যে পূর্ণ টিকাগ্রহনকারী শিশু | % | ১.০০ | | | ৮৮ | | | | | ৮৯ | ৯০ |
| | | | [৪.২.৩] স্ক্যানু সমৃদ্ধ জেলা হাসপাতাল | সংখ্যা (ক্রমপুঞ্জিভূত) | ১.০০ | ৫০ | ৫০ | ৬০ | ৫৮ | ৫৭ | ৫৫ | ৫০ | ৭৫ | ৮০ |
| | | | [৪.২.৪] হাসপাতালে জন্মকৃত নবজাতকের নাভীতে ৭.১% ক্লোরোহেক্সিডিন ব্যবহার | % | ১.০০ | | | ২৫ | ২৪.৫ | ২৪.০ | ২৩.৫ | ২৩.০ | ৩০ | ৪০ |
| | | | [৪.২.৫] ক্যাঙ্গারু মাদার কেয়ার (KMC ) সমৃদ্ধ হাসপাতাল | সংখ্যা | ১.০০ | | | ৬৫ | ৬৪ | ৬৩ | ৬২ | ৬১ | ৭০ | ৭৫ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৫] ঔষধ খাতের উন্নয়ন | ১৩ | [৫.১] ঔষধের তত্ত্বাবধান জোরদারকরণ | [৫.১.১] ঔষধের বিরুপ প্রতিক্রিয়া/ সমস্যা মূল্যায়নকৃত এডিআর | % | ৩.০০ | ১০০ | ১০০ | ১০০ | | | | | ১০০ | ১০০ |
| | | | [৫.১.২] ঔষধ উৎপাদনে প্রবৃদ্ধি | % | ৩.০০ | | | ১০.০ | ৯.০ | ৮.৫ | ৮.০ | ৭.৫ | ১০ | ১০ |
| | | | [৫.১.৩] সর্বোচ্চ খুচরা/নির্দেশক মূল্য তালিকায় হালনাগাদকৃত ঔষধ | সংখ্যা (ক্রমপুঞ্জিভূত) | ৩.০০ | | ২২০০০ | ৩৪০০০ | ৩৩০০০ | ৩২০০০ | ৩১০০০ | ৩০০০০ | ৪৪০০০ | ৫৪০০০ |
| | | | [৫.১.৪] পরিদর্শিত ঔষধ কারখানা | সংখ্যা | ২.০০ | | | ৮০০ | ৭৭৫ | ৭৫০ | ৭২৫ | ৭০০ | ৮৬০ | ৮৮০ |
| | | | [৫.১.৫] ঔষধ কারখানা পরিদর্শন রিপোর্ট বাস্তবায়ন | % | ১.০০ | | | ৯৫ | ৯৩ | ৯০ | ৮৭ | ৮৫ | ১০০ | ১০০ |
| | | | [৫.১.৬] জিএমপি এবং মানদন্ড অনুযায়ী ঔষধের নমুনা পরীক্ষা | সংখ্যা | ১.০০ | ৭৬১৯ | ৬০০০ | ৬০০০ | ৫৯৫০ | ৫৯০০ | ৫৮৫০ | ৫৮০০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ৯ | [১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [১.১.১] ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত | % | ১.০০ | | | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | | |
| | | [১.২] ইউনিকোড ব্যবহার নিশ্চিত করা | [১.২.১] ইউনিকোড ব্যবহার নিশ্চিতকৃত | % | ০.৫০ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [১.৩] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ২০১৬-১৭ অর্থবছরে প্রণীত তালিকা অনুযায়ী কমপক্ষে দুটি করে অনলাইন সেবা চালু করা | [১.৩.১] ন্যূনতম দুটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৭ | ০৭-১২-২০১৭ | ১৪-১২-২০১৭ | ২১-১২-২০১৭ | ২৮-১২-২০১৭ | | |
| | | [১.৪] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ ও Small Improvement Project (SIP) বাস্তবায়ন | [১.৪.১] উদ্ভাবনী উদ্যোগ ও SIP-সমূহের ডাটাবেস প্রস্তুতকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৮-২০১৭ | ১৪-০৯-২০১৭ | ২৮-০৯-২০১৭ | ১২-১০-২০১৭ | ৩১-১০-২০১৭ | | |
| | | | [১.৪.২] উদ্ভাবনী উদ্যোগ ও SIP রেপ্লিকেটেড | % | ১.০০ | | | ৪০ | ৩০ | ২৫ | ২০ | ১০ | | |
| | | [১.৫] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | [১.৫.১] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ১৪-০৯-২০১৭ | ২৮-০৯-২০১৭ | ১২-১০-২০১৭ | ৩১-১০-২০১৭ | ১৪-১২-২০১৭ | | |
| | | [১.৬] মন্ত্রণালয়/বিভাগের প্রতিটি শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন ও বিনষ্ট করা | [১.৬.১] তালিকা অনুযায়ী বিনষ্টকৃত নথি | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | | [১.৬.২] শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণীত | তারিখ | ০.৫০ | | | ১১-০১-২০১৮ | ১৮-০১-২০১৮ | ২২-০১-২০১৮ | ২৫-০১-২০১৮ | ৩১-০১-২০১৮ | | |
| | | [১.৭] সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদান | [১.৭.১] সিটিজেন্স চার্টার বাস্তবায়ন সংক্রান্ত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-১২-২০১৭ | ১৫-০১-২০১৮ | ২২-০১-২০১৮ | ০৮-০২-২০১৮ | ২২-০২-২০১৮ | | |
| | | [১.৮] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [১.৮.১] নিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ০.৫০ | | | ১২ | ১১ | | | | | |
| | | | [১.৮.২] নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ০.৫০ | | | ৯০ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | | |
| [২] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা | ৪ | [২.১] ২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [২.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | তারিখ | ০.৫০ | | | ২৩-০৪-২০১৭ | ২৪-০৪-২০১৭ | ২৫-০৪-২০১৭ | ২৬-০৪-২০১৭ | ২৭-০৪-২০১৭ | | |
| | | [২.২] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [২.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ০৮-০৮-২০১৭ | ১০-০৮-২০১৭ | ১৩-০৮-২০১৭ | ১৬-০৮-২০১৭ | ১৭-০৮-২০১৭ | | |
| | | [২.৩] ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [২.৩.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রণীত ও দাখিলকৃত | সংখ্যা | ০.৫০ | | | ৪ | ৩ | | | | | |
| | | [২.৪] ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [২.৪.১] নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-০১-২০১৮ | ৩১-০১-২০১৮ | ০১-০২-২০১৮ | ০৫-০২-২০১৮ | ০৬-০২-২০১৮ | | |
| | | [২.৫] আওতাধীন দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | [২.৫.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ১৫-০৬-২০১৮ | ১৮-০৬-২০১৮ | ১৯-০৬-২০১৮ | ২০-০৬-২০১৮ | ২১-০৬-২০১৮ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৩ | [৩.১] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.১.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | [৩.২] স্থাবর/অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [৩.২.১] স্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ০.৫০ | | | ০১-০২-২০১৮ | ১৫-০২-২০১৮ | ২৮-০২-২০১৮ | ২৮-০৩-২০১৮ | ১৫-০৪-২০১৮ | | |
| | | | [৩.২.২] অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ০.৫০ | | | ০১-০২-২০১৮ | ১৫-০২-২০১৮ | ২৮-০২-২০১৮ | ২৮-০৩-২০১৮ | ১৫-০৪-২০১৮ | | |
| | | [৩.৩] মন্ত্রণালয়/বিভাগে কল্যাণ কর্মকর্তা নিয়োগ করা | [৩.৩.১] কল্যাণ কর্মকর্তা নিয়োগকৃত ও ওয়েব সাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৭ | ২৯-১০-২০১৭ | ১৫-১১-২০১৭ | ৩০-১১-২০১৭ | ১৪-১২-২০১৭ | | |
| [৪] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ২ | [৪.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | [৪.১.১] প্রশিক্ষণের সময় | জনঘণ্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [৪.২] ২০১৭-১৮ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন করা | [৪.২.১] শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ০.৫০ | | | ১৩-০৭-২০১৭ | ৩১-০৭-২০১৭ | | | | | |
| | | [৪.৩] নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিল করা | [৪.৩.১] ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ০.৫০ | | | ৪ | ৩ | | | | | |
| [৫] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা | ২ | [৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫০ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৫.২] স্বপ্রণোদিত তথ্য প্রকাশ | [৫.২.১] স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | % | ০.৫০ | | | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ | | |
| | | [৫.৩] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [৫.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৭ | ২৯-১০-২০১৭ | ১৫-১১-২০১৭ | ৩০-১১-২০১৭ | ১৪-১২-২০১৭ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ , মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ -এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

০৮.০৭.২০১৭

সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

তারিখ

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

তারিখ

সংযোজনী-১

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | স্ক্যানু (SCANU) | বিশেষায়িত নবজাতক সেবা কেন্দ্র (Special Care Newborn Unit) |
| ২ | জিএমপি (GMP) | মানসম্মত উৎপাদন পদ্ধতি (Good Manufacturing Practice) |
| ৩ | এসবিএ (SBA) | দক্ষ ধাত্রী (Skill Birth Attendant) |
| ৪ | এএনসি (ANC) | প্রসব পূর্ব সেবা (Ante-Natal Care) |
| ৫ | ইপিআই (EPI) | সম্প্রসারিত টিকাদান কর্মসূচি (Expanded Program on Immunization) |
| ৬ | আইটিএন (ITN) | কীটনাশক যুক্ত মশারি (Insecticide Treated Net) |
| ৭ | এআরটি (ART) | এন্টি-রেট্রোভাইরাল থেরাপি (Anti-Retroviral Therapy) |
| ৮ | এইচআইভি (HIV) | হিউম্যান ইমিউনো ডিফিসিয়েন্সি ভাইরাস (Human Immuno-deficiency Virus) |
| ৯ | ডিজিএইচএস (DGHS) | স্বাস্থ্য অধিদপ্তর (Directorate General of Health Services) |
| ১০ | ডিজিএফপি (DGFP) | পরিবার পরিকল্পনা অধিদপ্তর (Directorate General of Family Planning) |
| ১১ | টিকিউএম (TQM) | সার্বিক গুণগত ব্যবস্থাপনা (Total Quality Management) |
| ১২ | এমআইএস (MIS) | তথ্য ব্যবস্থাপনা পদ্ধতি (Management Information Systems) |
| ১৩ | টিএফআর (TFR) | মোট প্রজনন হার (Total Fertility Rate) |
| ১৪ | সিবিএইচসি (CBHC) | কমিউনিটি বেসড হেলথ কেয়ার (Community Based Health Care) |
| ১৫ | এইচপিএনএসডিপি (HPNSDP) | স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি খাত উন্নয়ন কর্মসূচি (Health Population and Nutrition Sector Development Program) |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] মানব সম্পদের সুষম বিন্যাস নিশ্চিত করা | [১.১.১] রোগী ও নার্সের অনুপাত (সাধারণ) | নার্স ও রোগীর অনুপাত (১:৪) (সাধারণ) ( প্রতি ১০,০০০ (দশ হাজার রোগীর জন্য)। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি মোতাবেক ১০,০০০ (দশ হাজার) নার্স নিয়োগের প্রতিশ্রুতি প্রদান করায় ইতিমধ্য ২০১৫-১৬ অর্থবছরে ৭০০০ (সাত হাজার) নার্স বিপিএসসি'র মাধ্যমে নিয়োগ প্রদান করা হয়েছে। অবশিষ্ট ৩০০০ (তিন হাজার) নার্স নিয়োগের কার্যক্রম প্রক্রিয়াধীন। উক্ত ৩০০০ (তিন হাজার) নার্স ২০১৭-১৮ অর্থবছরে নিয়োগপ্রদান করা হলে এ পি এ উল্লিখিত কর্মসম্পাদন সূচকটি ২০১৮ সালের মধ্যে প্রত্যাশিত ও প্রকৃত অর্জন শতভাগ সম্পন্ন হবে; এবং প্রক্রিয়াটি চলমান থাকলে নার্স ও রোগীর অনুপাত ১:৪ বহাল থাকবে। | স্বাস্থ্য সেবা বিভাগ, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর | মন্ত্রণালয়ের ওয়েব পেজ ও অফিস রেকর্ড বিশ্লেষণ | মন্ত্রণালয়ের ওয়েব পেজ ও অফিস রেকর্ড |
| [১.২] অবকাঠামো সম্প্রসারণ, যন্ত্রপাতি সরবরাহ ও মেরামত | [১.২.১] নতুন এ্যাম্বুলেন্স সরবরাহকৃত উপজেলা হাসপাতালসমূহ | উপজেলা হাসপাতাল হতে রেফার্ডকৃত (প্রেরণ) রোগীদের পরিবহনের জন্য প্রতিটি হাসপাতালে সরবরাহকৃত এ্যাম্বুলেন্স সংখ্যা। এই সূচকটি জরুরি রোগীদের সেবা প্রদানে সহায়তা করবে। | স্বাস্থ্য অধিদপ্তর (ইএসডি) | মন্ত্রণালয়ের ওয়েব পেজ ও বার্ষিক প্রতিবেদন বিশ্লেষণ | বার্ষিক প্রতিবেদন |
| | [১.২.২] নির্মিত কমিউনিটি ক্লিনিক | প্রতি ৬০০০ জনগোষ্ঠীর জন্য ১টি করে কমিউনিটি ক্লিনিক প্রতিষ্ঠা করা এর উদ্দেশ্য। বর্তমান লক্ষমাত্রা হচ্ছে ১৩৮৬১টি কমিউনিটি ক্লিনিক স্থাপন করা। এই সূচক লক্ষ্যমাত্রা অর্জনে সহায়তা করবে। এই স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান হতে প্রাথমিক স্বাস্থ্য সেবা, পরিবার পরিকল্পনা সেবা দেওয়া হয়। এছাড়া প্রত্যেকটি কমিউনিটি ক্লিনিকে স্বাভাবিক প্রসব প্রদানের পরিকল্পনা আছে। | সিবিএইচসি (CBHC),স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | হেলথ বুলেটিন, ডিজিএইচএস স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নির্মাণ সমাপ্তিকরণ প্রতিবেদন বিশ্লেষণ | হেলথ বুলেটিন, ডিজিএইচএস স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নির্মাণ সমাপ্তিকরণ প্রতিবেদন |
| | [১.২.৩] নির্মিত ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র | পাঁচ স্তর বিশিষ্ট স্বাস্থ্য সেবা প্রদানের প্রাতিষ্ঠানিক কাঠামোর দ্বিতীয় স্তর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্র। এ কেন্দ্রের সংখ্যা বৃদ্ধি জনগণের প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রাপ্তিতে সহায়ক হবে। | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও ওয়েব পেজ; স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নির্মাণ সমাপ্তিকরণ প্রতিবেদন বিশ্লেষণ | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও ওয়েব পেজ; স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নির্মাণ সমাপ্তিকরণ প্রতিবেদন |
| | [১.২.৪] ৩১ হতে ৫০ শয্যায় উন্নীত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স | উপজেলা পর্যায়ের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবাসহ প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদানকারী প্রতিষ্ঠান। জনগণের স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে পর্যায়ক্রমে সকল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স-এর শয্যা সংখ্যা ৩১ হতে বৃদ্ধি করে ৫০ শয্যা করার কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও ওয়েব পেজ; স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নির্মাণ সমাপ্তিকরণ রেকর্ড বিশ্লেণ | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও ওয়েব পেজ; স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নির্মাণ সমাপ্তিকরণ |
| | [১.২.৫] যন্ত্রপাতি সরবরাহকৃত উপজেলা হাসপাতাল | ৫০ শয্যায় উন্নীত উপজেলা হাসপাতালে প্যাকেজভুক্ত (ইসিজি, আল্ট্রাসনোগ্রাম, কলরোমিটার, মাইক্রোসকোপ ইত্যাদি) যন্ত্রপাতি সরবরাহ। | স্বাস্থ্য অধিদপ্তর | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস এর নথি বিশ্লেষণ | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.৩] ইএসপি সেবা বৃদ্ধি নিশ্চিত করা | [১.৩.১] শিশুদের (৬-৫৯ মাস) ভিটামিন - এ প্রদানের হার | বাংলাদেশের অনেক শিশু ভিটামিন-এ এর অভাব জনিত অপুষ্টিতে ভোগে। ৬-৫৯ মাসবয়সী শিশুদের ভিটামিন-এ এর অভাব জনিত অপুষ্টি রোধে ভিটামিন-এ পরিপূরক প্রদান করা হয়। ভিটামিন-এ প্রদানের হার বৃদ্ধি, পুষ্টির সফলতা পরিমাপের সূচক। | স্বাস্থ্য অধিদপ্তর | হেলথ বুলেটিন, ডিজিএইচএস ও জরিপ বিশ্লেষণ | হেলথ বুলেটিন, ডিজিএইচএস ও জরিপ |
| | [১.৩.২] কৃমিনাশক বড়ি গ্রহণকারী স্কুলগামী শিশু (৫-১২ বছর) | বছরে দু'বার (এপ্রিল ও অক্টোবর মাসে) বিনামূল্যে সকল শিশুকে কৃমির ঔষধ খাওয়ানো হয়। ৫-১২ বছর বয়সী স্কুলগামী শিশুদের কৃমিনাশক বড়ি গ্রহণকারীর হার দ্বারা সফলতা পরিমাপ করা হয়। | স্বাস্থ্য অধিদপ্তর | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস এর নথি বিশ্লেষণ | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস |
| | [১.৩.৩] আয়রন-ফলেট ট্যাবলেট গ্রহণকারী গর্ভবতী মা | আমাদের দেশে অধিকাংশ মহিলা ও মা রক্তস্বল্পতায় আক্রান্ত, এ অবস্থায় গর্ভধারণ করলে উক্ত মায়েদের প্রসবকালীন মৃত্যুঝুঁকি বৃদ্ধি পায়। এ ঝুঁকি হ্রাসে এ কার্যক্রমটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। | স্বাস্থ্য অধিদপ্তর (আইপিএইচএন) | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস এর নথি বিশ্লেষণ | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস |
| [২.১] সেবার পরিধি বৃদ্ধি করা | [২.১.১] স্বাভাবিক প্রসব সেবা সমৃদ্ধ কমউনিটি ক্লিনিক | স্বাভাবিক প্রসব সেবা সুবিধা সমৃদ্ধ কমিউনিটি ক্লিনিক মাতৃ ও শিশুমৃত্যু হ্রাসে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। তাই এ সেবা সমৃদ্ধ কমিউনিটি ক্লিনিকের সংখ্যা যত বৃদ্ধি পাবে ততোই মাতৃ ও শিশুমৃত্যু হ্রাস পাবে। | স্বাস্থ্য অধিদপ্তর ও সিবিএইচসি প্রোগ্রাম | হেলথ বুলেটিন, ডিজিএইচএস ও জরিপ বিশ্লেষণ | হেলথ বুলেটিন, ডিজিএইচএস ও জরিপ |
| | [২.১.২] কমিউনিটি ক্লিনিকে স্বাভাবিক প্রসব | স্বাভাবিক প্রসব সেবা সুবিধা সমৃদ্ধ কমিউনিটি ক্লিনিকে প্রসব সংখ্যা। এই সূচকটি কার্যক্রম বাস্তবায়নকারী প্রতিষ্ঠানের কর্মসম্পাদন দক্ষতা বৃদ্ধি পরিমাপে সহায়তা করবে। | স্বাস্থ্য অধিদপ্তর ও সিবিএইচসি প্রোগ্রাম | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস এর নথি বিশ্লেষণ | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস |
| [২.২] কিট বক্স (মেডিসিন) সরবরাহ | [২.২.১] সরবরাহকৃত প্যাকেজ ( মেডিসিন) | কমিউনিটি ক্লিনিকে সরবারহকৃত ৩০ প্রকারের ঔষধ সম্বলিত বক্স। | সিবিএইচসি (CBHC) | অফিস রেকর্ড ও হেলথ বুলেটিন, ডিজিএইচএস এর নি বিশ্লেষণ | অফিস রেকর্ড ও হেলথ বুলেটিন, ডিজিএইচএস |
| | [২.২.২] হাসপাতালে স্ক্যানু (scanu) সেবা বৃদ্ধি | অপরিণত অবস্থায় জন্মগ্রহণকারী শিশু ও জটিল নিউমোনিয়ায় আক্রান্ত শিশুদের জন্য জীবনরক্ষাকারী সাজসরঞ্জাম সমৃদ্ধ একটি বিশেষায়িত ইউনিট। দেশের সকল জেলার জেলা হাসপাতাল/ মেডিকেল কলেজ হাসপাতাল এবং সীমিত সংখ্যক উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সুবিধা সম্প্রসারণ করা হবে। এ সূচক পরোক্ষভাবে শিশু মৃত্যু হ্রাসে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। | স্বাস্থ্য অধিদপ্তর | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস এর নথি বিশ্লেষণ | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস |
| | [২.২.৩] কোয়ালিটি অব কেয়ার-টিকিউএম কার্যক্রম বাস্তবায়নকারী স্বাস্থ্য প্রতিষ্ঠান | স্বাস্থ্য সেবার গুণগত মানোন্নয়নে দেশের প্রতিটি হাসপাতালে পর্যায়ক্রমে সার্বিক গুণগত ব্যবস্থাপনা (টোটাল কোয়ালিটি ম্যানেজমেন্ট-টিকিউএম) পদ্ধতি বাস্তবায়ন করা হবে। এটি মূলত স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানের কর্ম পরিবেশ উন্নয়ন করে স্বল্প সময়ে মানসম্পন্ন ও সঠিক সেবা প্রদানে সহায়তা করে। | স্বাস্থ্য অধিদপ্তর | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস এর নথি বিশ্লেষণ | হেলথ বুলেটিন, ডিজিএইচএস |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [২.৩] স্বাস্থ্য শিক্ষা | [২.৩.১] স্বাস্থ্য বিষয়ে প্রশিক্ষিত প্রাথমিক স্কুলের শিক্ষক | বাংলাদেশে চিকিৎসা শিক্ষা বিষয়ে শিক্ষকের সংকট রয়েছে। দক্ষ স্বাস্থ্য জনশক্তি গঠনে চিকিৎসা শিক্ষা বিষয়ে শিক্ষক প্রশিক্ষণের গুরুত্ব অপরিসীম। | স্বাস্থ্য অধিদপ্তর | অফিস রেকর্ড, হেলথ বুলেটিন, ডিজিএইচএস এর নথি বিশ্লেষণ | অফিস রেকর্ড, হেলথ বুলেটিন, ডিজিএইচএস |
| | [২.৩.২] স্বাস্থ্য বিষয়ে প্রশিক্ষিত মাধ্যমিক স্কুলের শিক্ষক | স্বাস্থ্যর বিভিন্ন বিষয়ে মাধ্যমিক স্কুলের শিক্ষকগণকে সচেতনা বৃদ্ধি করে তা স্কুলে কোমলমতি শিশুদের শিক্ষাদানের মাধ্যমে শিশুদের স্বাস্থ্য সচেতন করে তোলা এই সূচকের মুল উদ্দেশ্য। এটি ভবিষ্যতে শিশুদের স্বাস্থ্যকর অভ্যাস গঠনে ভূমিকা পালন করবে। | স্বাস্থ্য অধিদপ্তর | অফিস রেকর্ড, হেলথ বুলেটিন, ডিজিএইচএস এর নথি বিশ্লেষণ | অফিস রেকর্ড, হেলথ বুলেটিন, ডিজিএইচএস |
| | [২.৩.৩] প্রজনন স্বাস্থ্য শিক্ষাগ্রহনকারী কিশোর-কিশোরী | প্রজনন স্বাস্থ্য সম্পর্কে কিশোর-কিশোরীদের ধারণা গঠনে ও এ সংক্রান্ত মানসিক ভীতি দূর করে কিশোর-কিশোরীদের পরিপূর্ণভাবে গড়ে উঠতে এই সূচকটি ভূমিকা পালন করবে। | স্বাস্থ্য অধিদপ্তর | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস এর নথি বিশ্লেষণ | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস |
| | [২.৩.৪] এনসিডি ম্যানেজম্যান্ট মডেল বাস্তবায়নকারী হাসপাতাল | বিভিন্ন অসংক্রামক রোগ (ডায়বেটিস, হৃদরোগ , ক্যান্সার ইত্যাদি) সম্পৃক্ত ব্যবস্থাপনাগত মডেল বাস্তবায়নকারি হাসপাতাল সংখ্যা। এই সূচক অসংক্রামক রোগ নিয়ন্ত্রণে ভূমিকা পালন করবে। | স্বাস্থ্য অধিদপ্তর | অফিস রেকর্ড, হেলথ বুলেটিন, ডিজিএইচএস এর নথি বিশ্লেষণ | অফিস রেকর্ড, হেলথ বুলেটিন, ডিজিএইচএস |
| | [২.৩.৫] সড়ক দূর্ঘটনা আহত, ডুবন্ত শিশুদের জন্য প্রাথমিক চিকিৎসা বিষয়ক জনসচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম বাস্তবায়নকারী হাসপাতাল | সড়ক দূর্ঘনায় আহত ব্যাক্তি বা ডুবন্ত শিশুদের জন্য জরুরি প্রাথমিক চিকিৎসা সম্পর্কে জনসচেতনা বৃদ্ধিমূলক কার্যক্রম। এই সূচকটি আহত ব্যক্তিদের মৃত্যুঝুঁকি হ্রাসে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। | স্বাস্থ্য অধিদপ্তর | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস এর নথি বিশ্লেষণ | অফিস রেকর্ড, হেলথ বুলেটিন, ডিজিএইচএস |
| [২.৫] পরিবীক্ষণ ও মূল্যায়ণ | [২.৫.১] পরিদর্শন (হাসপাতাল) রির্পোট বাস্তবায়ন | পরিদর্শনকৃত রির্পোট বাস্তবায়নের হার স্বাস্থ্য সেবার মান্নোয়নে ভূমিকা পালন করবে। | স্বাস্থ্য অধিদপ্তর | পরিদর্শন প্রতিবেদন বিশ্লেষণ | বার্ষিক প্রতিবেদন |
| | [২.৫.২] হাসপাতাল পরিদর্শন | সরকারী হাসপাতালগুলোতে চিকিৎসা ও স্বাস্থ্য সেবার মান পরিরীক্ষণের উদ্দেশ্যে পরিদর্শন টিমের পরিদর্শন সংখ্যা। | স্বাস্থ্য অধিদপ্তর | পরিদর্শন প্রতিবেদন বিশ্লেষণ | বার্ষিক প্রতিবেদন |
| [৩.১] যক্ষ্মা নিয়ন্ত্রণ | [৩.১.১] সনাক্তকৃত যক্ষ্মা রোগী (সকল কেস) | যক্ষ্মার নতুন রোগী শনাক্তকরণে এ সূচক ব্যবহৃত হয়। কফ পরীক্ষায় যক্ষা রোগের জীবাণু শনাক্ত করা হয় এবং শতকরা হারে হিসাব করা হয়। | স্বাস্থ্য অধিদপ্তর | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস এর নথি বিশ্লেষণ | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস |
| | [৩.১.২] যক্ষ্মা রোগী নিরাময়ের হার | ঔষধ প্রদানের পর আরোগ্য লাভকারী রোগীর হার। | স্বাস্থ্য অধিদপ্তর | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস এর নথি বিশ্লেষণ | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস |
| [৩.২] এইচআইভি ও এইডস প্রতিরোধ এবং নিয়ন্ত্রণ জোরদারকরণ | [৩.২.১] সম্বনিত সেবা ও সহযোগিতা গ্রহণকারী এইচআইভি রোগী | এইডস চিকিৎসায় ব্যবহৃত এআরটি (এন্টি-রেট্রোভাইরাল থেরাপি) প্রাপ্য এইচআইভি রোগীর সংখ্যা। | স্বাস্থ্য অধিদপ্তর | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস এর নথি বিশ্লেষণ | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৩.৩] ম্যালেরিয়ার প্রকোপ হ্রাস | [৩.৩.১] ম্যালেরিয়া রোগের প্রার্দুভাব | ম্যালেরিয়া রোগে আক্রান্ত নতুন রোগীদের সংখ্যা। এই সংখ্যা এ প্রোগ্রামের কর্মদক্ষতা নির্ণয়ে ব্যবহৃত হবে। | স্বাস্থ্য অধিদপ্তর | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস এর নথি বিশ্লেষণ | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস |
| | [৩.৩.২] ম্যালেরিয়া রোগে মৃত্যু | ম্যালেরিয়া রোগে আক্রান্ত রোগীদের মৃত্যুর সংখ্যা | স্বাস্থ্য অধিদপ্তর | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস এর নথি বিশ্লেষণ | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস |
| [৩.৪] ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপ রোগ হ্রাসকরণ | [৩.৪.১] পূর্ণবয়স্ক ব্যক্তিদের মধ্যে ডায়াবেটিস রোগের প্রার্দুভাব | ডায়াবেটিস ও উচ্চ রক্তচাপ রোগে আক্রান্ত ব্যক্তিদের সংখ্যা। | স্বাস্থ্য অধিদপ্তর | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস এর নথি বিশ্লেষণ | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস |
| [৩.৫] স্ক্রীনিং এবং রোগ নির্ণয়ের সুবিধা বৃদ্ধি | [৩.৫.১] জরায়ু-মুখের ক্যান্সার স্ক্রীনিংকৃত রোগী | বাংলাদেশে মহিলাদের মৃত্যুর অন্যতম কারণ জরায়ু-মুখের ক্যান্সার। জরায়ু-মুখের ক্যান্সার নির্ণয়ের লক্ষ্যে স্ক্রীনিংকৃত রোগীর সংখ্যা। এই সূচক মহিলাদের জরায়ুর ক্যান্সার-পূর্বাবস্থা শনাক্তকরণে ও সঠিক সময়ে চিকিৎসা প্রদান মহিলাদের মৃত্যু হ্রাসে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। | স্বাস্থ্য অধিদপ্তর | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস এর নথি বিশ্লেষণ | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৪.১] প্রসব সুবিধা সম্প্রসারণ | [৪.১.১] দক্ষ ধাত্রী (এসবিএ) দ্বারা প্রসব | দক্ষ ধাত্রী দ্বারা প্রসবের শতকরা হার। ৬ মাসব্যাপি প্রশিক্ষণে স্বাভাবিক প্রসব, প্রসব পূর্ব সেবা, প্রসব পরবর্তী সেবা এবং নবজাতকের যত্ন সম্পর্কে স্বাস্থ্য কর্মীকে দক্ষ করে তোলা হয়। এ সংখ্যা বৃদ্ধি হলে শিশু ও মাতৃ মৃত্যু হ্রাসে উল্লেখযোগ্য ভূমিকা পালন করবে। স্বাভাবিক প্রসবের একটি বড় অংশ এখনও অদক্ষ ধাত্রী দ্বারা সম্পন্ন হয়ে থাকে এবং মাতৃ ও শিশু মৃত্যু ঝুঁকি বৃদ্ধি করে। | স্বাস্থ্য অধিদপ্তর | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস এর নথি বিশ্লেষণ | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস |
| | [৪.১.২] প্রসবপূর্ব (ন্যূনতম ৪ বার) সেবা | গর্ভকালীন নারীর সর্বমোট ৪ বার প্রসবপূর্ব শারীরিক পরীক্ষা প্রয়োজন। এ সূচকের উদ্দেশ্য কমপক্ষে একবার পরীক্ষাকৃত মায়েদের সংখ্যা জানা । এ সূচকের সংখ্যা বৃদ্ধি পেলে প্রসবকালীন ঝুঁকি হ্রাস পায় এবং প্রসব পূর্ব জটিলতা শনাক্ত করা এবং চিকিৎসাসহ প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া সম্ভব হয়। | স্বাস্থ্য অধিদপ্তর | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস এর নথি বিশ্লেষণ | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস |
| | [৪.১.৩] প্রসবোত্তর সেবা (ন্যূনতম ৩ বার) সেবা | প্রসব পরবর্তী ১ সপ্তাহ সময়কালে যে সেবা দেওয়া হয় তা প্রসবোত্তর সেবা বলে পরিচিত। এক্ষেত্রে ১ম দিনেই কমপক্ষে দুইবার পরীক্ষা করা হয়। এটি মাদের বিভিন্ন বিপদচিহ্ন বিশেষ করে রক্তক্ষরণজনিত মৃত্যুঝুকি হ্রাসে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে ও একই সাথে শিশুদের বিভিন্ন বিপদ চিহ্ন, বুকের দুধপানের সক্ষমতা ও অন্যান্য চিকিৎসা সূচক পরীক্ষা করা হয় যা শিশু মৃত্যু ঝুকি হ্রাস করে। | স্বাস্থ্য অধিদপ্তর, পরিবার পরিকল্পনা অধিদপ্তর | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস ও ডিজিএফপি এর নথি বিশ্লেষণ | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস ও ডিজিএফপি |
| | [৪.১.৪] ম্যাটারনাল ও নিওনেটাল ডেথ রিভিউ বাস্তবায়নকারী জেলা হাসপাতাল | যেসকল মা ও শিশু স্বাস্থ্য প্রতিষ্ঠানে মৃত্যুবরণ করবেন তাদের মৃত্যুকারণ উৎগাঠনে ও তার যথাযথ চিকিৎসা পদ্ধতি নির্ণয়ে এই ডেথ রিভিউ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। | স্বাস্থ্য অধিদপ্তর ও জেলা হাসপাতালসমূহ | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস এর নথি বিশ্লেষণ | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস |
| | [৪.১.৫] ম্যাটারনাল ভাউচার স্কীম বাস্তবায়নকারী উপজেলা | এ কার্যক্রমের মাধ্যমে স্বাভাবিক প্রসব ও সিজারিয়ান প্রসবে দরিদ্র মাদের বিনামূল্যে সেবাপ্রদান এবং স্বাস্থ্য প্রতিষ্ঠানে প্রসবে উৎসাহিত করার জন্য কিছু প্রণোদনার ব্যবস্থা রয়েছে। এ স্কীম, বাস্তবায়নকারী উপজেলাসমূহে প্রাতিষ্ঠানিক প্রসবের হার বৃদ্ধি সহায়তা করেছে এবং এটি মা ও শিশু মৃত্যু হ্রাসে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। | স্বাস্থ্য অধিদপ্তর | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস এর নথি বিশ্লেষণ | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস |
| | [৪.১.৬] এসবিএ/সিএসবিএ বিষয়ে প্রশিক্ষিত স্বাস্থ্যকর্মী | স্বাভাবিক প্রসব প্রদানে দক্ষ স্বাস্থ্যকর্মী তৈরিতে গুরুত্ব আরোপে এ সূচকটি ব্যবহৃত হবে। এটি পরোক্ষভাবে মা ও শিশুমৃত্যু হ্রাসে ভূমিকা পালন করবে। | স্বাস্থ্য অধিদপ্তর ও পরিবার পরিকল্পনা অধিদপ্তর | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস এর প্রতিবেদন বিশ্লেষণ | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৪.২] শিশু স্বাস্থ্য সেবা সম্প্রসারণ | [৪.২.১] ইপিআই কভারেজ (এমআর) | হামের টিকা প্রাপ্ত শিশুর হার। হামের টিকা ৯ মাস বয়সী শিশুদের দেওয়া হয় এবং এ সূচকের বৃদ্ধি সম্প্রসারিত টিকাদান কর্মসূচির কভারেজ পরিমাপকে নির্দেশ করে। | স্বাস্থ্য অধিদপ্তর | হেলথ বুলেটিন, ডিজিএইচএস এর নথি বিশ্লেষণ | হেলথ বুলেটিন, ডিজিএইচএস |
| | [৪.২.২] জন্মের ১২ মাসের মধ্যে পূর্ণ টিকাগ্রহনকারী শিশু | বাংলাদেশের অনেক শিশু ভিটামিন-এ এর অভাবজনিত অপুষ্টিতে ভোগে। ৬-৫৯ মাস বয়সী শিশুদের ভিটামিন-এ এর অভাবজনিত অপুষ্টি রোধে ভিটামিন-এ এর পরিপুরক প্রদান করা হয়। ভিটামিন-এ প্রদানের হার বৃদ্ধি, পুষ্টির সফলতা পরিমাপের সূচক। | স্বাস্থ্য অধিদপ্তর | অফিস নথি ও প্রতিবেদন বিশ্লেষণ | হেলথ বুলেটিন ও বার্ষিক প্রতিবেদন, ডিজিএইচএস |
| | [৪.২.৩] স্ক্যানু সমৃদ্ধ জেলা হাসপাতাল | অপরিণত অবস্থায় জন্মগ্রহণকারী শিশু ও জটিল নিউমোনিয়ায় আক্রান্ত শিশুদের জন্য জীবনরক্ষাকারী সাজসরঞ্জাম সমৃদ্ধ একটি বিশেষায়িত ইউনিট। দেশের সকল জেলার জেলা হাসপাতাল/ মেডিকেল কলেজ হাসপাতাল এবং সীমিত সংখ্যক উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সুবিধা সম্প্রসারণ করা হবে। এ সূচক পরোক্ষভাবে শিশু মৃত্যু হ্রাসে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। | স্বাস্থ্য অধিদপ্তর | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস এর নথি বিশ্লেষণ | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস |
| | [৪.২.৪] হাসপাতালে জন্মকৃত নবজাতকের নাভীতে ৭.১% ক্লোরোহেক্সিডিন ব্যবহার | নবজাতকের মৃত্যুহ্রাসে এই সূচকটি ভূমিকা পালন করবে। | স্বাস্থ্য অধিদপ্তর | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস এর নথি বিশ্লেষণ | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস |
| | [৪.২.৫] ক্যাঙ্গারু মাদার কেয়ার (KMC ) সমৃদ্ধ হাসপাতাল | অপুষ্টি শিশুদের যথাযথ চিকিৎসা প্রদানে এটি একটি নতুন উদ্যোগ যা অপুষ্টিজনিত শিশুমৃত্যু হ্রাসে ভূমিকা পালন করবে। এতে অপুষ্টি আক্রান্ত শিশুদের হাসপাতালে ভর্তি করে যথাযথ পর্যবেক্ষনের মাধ্যমে ও যথাযথ পুষ্টিকর খাদ্যপ্রদানের মাধ্যমে শিশুদের অপুষ্টিহ্রাস করা হবে। | স্বাস্থ্য অধিদপ্তর | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস এর নথি বিশ্লেষণ | অফিস নথি, হেলথ বুলেটিন, ডিজিএইচএস |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৫.১] ঔষধের তত্ত্বাবধান জোরদারকরণ | [৫.১.১] ঔষধের বিরুপ প্রতিক্রিয়া/ সমস্যা মূল্যায়নকৃত এডিআর | এই সূচকটি ঔষধের বিরুপ প্রতিক্রিয়ার /সমস্যা(এডিআর বা, এডভার্স ড্রাগ রিএ্যাকশন ) সমাধানে গৃহীত পদক্ষেপ। | ঔষধ প্রশাসন অধিদপ্তর | অফিস নথি ও ঔষধ প্রশাসন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন বিশ্লেষণ | অফিস নথি ও ঔষধ প্রশাসন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| | [৫.১.২] ঔষধ উৎপাদনে প্রবৃদ্ধি | প্রতি বৎসর ঔষধখাতে অগ্রগতি মূল্যায়নে সূচকটি ব্যবহৃত হবে। | ঔষধ প্রশাসন অধিদপ্তর | অফিস নথি ও ঔষধ প্রশাসন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন বিশ্লেষণ | অফিস নথি ও ঔষধ প্রশাসন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| | [৫.১.৩] সর্বোচ্চ খুচরা/নির্দেশক মূল্য তালিকায় হালনাগাদকৃত ঔষধ | ঔষধখাতে বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক উৎপাদিত ঔষধ এর মধ্যে মূল্যে নির্ধারনের মাধ্যমে ভোক্তা অধিকার সংরক্ষণ করা এই সূচকের মূল উদ্দেশ্য। | ঔষধ প্রশাসন অধিদপ্তর | অফিস নথি ও ঔষধ প্রশাসন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন বিশ্লেষণ | অফিস নথি ও ঔষধ প্রশাসন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| | [৫.১.৪] পরিদর্শিত ঔষধ কারখানা | মানসম্মত ও নিরাপদ ঔষধ উৎপাদন ও বিপণন ব্যবস্থা জোরদারকরণের লক্ষ্যে পরিদর্শিত ঔষধ কারখানা পরিদর্শনের সংখ্যা। | ঔষধ প্রশাসন অধিদপ্তর | অফিস নথি ও ঔষধ প্রশাসন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন বিশ্লেষণ | অফিস নথি ও ঔষধ প্রশাসন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| | [৫.১.৫] ঔষধ কারখানা পরিদর্শন রিপোর্ট বাস্তবায়ন | এই সূচকটি ঔষধ কারখানার মান বজায় রেখে ঔষধ উৎপাদনে ভূমিকা পালন করবে। | ঔষধ প্রশাসন অধিদপ্তর | অফিস নথি ও ঔষধ প্রশাসন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন বিশ্লেষণ | অফিস নথি ও ঔষধ প্রশাসন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| | [৫.১.৬] জিএমপি এবং মানদন্ড অনুযায়ী ঔষধের নমুনা পরীক্ষা | বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক প্রস্তুতকৃত মানদন্ড অনুযায়ী ঔষধ উৎপাদন নির্দেশিকাকে জিএমপি বলে। এই নির্দেশিকায় উচ্চ মান সম্পন্ন ও ঝুঁকিমুক্ত ঔষধ তৈরিতে ঔষধ উৎপাদক প্রতিষ্ঠানকে সর্বনিম্ন আবশ্যিক শর্তসমূহ পালন করতে হয়। উৎপাদক প্রতিষ্ঠান কর্তৃক শর্ত প্রতিপালনের বিষয়টি যাচাই করা হয়। | ঔষধ প্রশাসন অধিদপ্তর | অফিস নথি ও ঔষধ প্রশাসন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন বিশ্লেষণ | অফিস নথি ও ঔষধ প্রশাসন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| বিভাগ | স্থানীয় সরকার বিভাগ | ইপিআই কভারেজ (এমআর) | শহর অঞ্চল, সিটি কর্পোরেশন এলাকায় রুটিন ইপিআই কার্যক্রম বাস্তবায়ন | শহর অঞ্চল, সিটি কর্পোরেশন এলাকায় শিশুদের টিকা উক্ত সংস্থার মাধ্যমে দেয়া হয়। | লক্ষ্যমাত্রা অর্জন ব্যহত হবে। |
| বিভাগ | স্বাস্থ্য শিক্ষা ও পরিবারকল্যাণ বিভাগ | কৃমিনাশক বড়ি গ্রহণকারী স্কুলগামী শিশু (৫-১২ বছর),শিশুদের (৬-৫৯ মাস) ভিটামিন - এ প্রদানের হার | শহর অঞ্চল, সিটি কর্পোরেশন এলাকায় স্কুলে ভিটামিন-এ পরিপূরক ও কৃমিনাশক বড়ি প্রদানের কার্যক্রম বাস্তবায়ন | শহর অঞ্চল, সিটি কর্পোরেশন এলাকায় স্কুলগামী শিশুদের উক্ত সংস্থার মাধ্যমে ভিটামিন-এ পরিপূরক ও কৃমিনাশক বড়ি দেয়া হয়। | লক্ষ্যমাত্রা অর্জন ব্যহত হবে। |